রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৮ সনের ৩৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৩, ২০১৮

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫০৯—৫১৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৪১—৯৪৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০৭৫—১১৯৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**আদেশ**

তারিখ ২৮ আষাঢ় ১৪২৫/১২ জুলাই ২০১৮

নং ০৩.০৭৯.০২৭.০৪.০০.০২.২০১৭-৬৬৯(৪)—জনাব মুহাম্মদ ফরিদ আলী ফকির (পরিচিতি নং-এ০০৯১), উপপরিচালক, জেলা এনএসআই, খাগড়াছড়িকে তার আপীল আবেদনের প্রেক্ষিতে প্রাথমিক তদন্ত প্রতিবেদন ও ব্যক্তিগত শুনানিতে প্রাপ্ত উভয় পক্ষের বক্তব্য সার্বিক বিবেচনায় সরকরি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ২২(১) বিধি মোতাবেক ইতোপূর্বে প্রদত্ত দণ্ড বহাল রাখা হলো।

**মোঃ নজিবুর রহমান**
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

[একই নথির স্মারক ও তারিখের স্থলাভিসিক্ত]

জাতীয় রাজস্ব বোর্ড

[বিশেষ আদেশ]

তারিখ: ১০ এপ্রিল ২০১৮ইং

**বিষয় ঃ** সামিট এ্যালায়েন্স পোর্ট লিঃ এর মুক্তারপুরস্থ ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার টার্মিনাল (IWCT) এ সকল প্রকার আমদানিতব্য পণ্যের কন্টেইনার হ্যান্ডলিং ও আনস্টাফিং এর আবেদন।

সূত্র ঃ সামিট এ্যালায়েন্স পোর্ট লিঃ এর ২৮-০১-২০১৮ তারিখের পত্র।

**নং ১৪৭/২০১৮/কাস্টমস/১৫০**—উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। সূত্রোক্ত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে, The Customs Act, 1969 এর Section-9 (c) এবং Section-219 B এ প্রদত্ত ক্ষমতাবলে বেসরকারি প্রতিষ্ঠান Summit Alliance Port Ltd (SAPL) কর্তৃক মুন্সিগঞ্জের মুক্তারপুরে স্থাপিত Inland Water Container Terminal (IWCT) কর্তৃক বিপদজনক পণ্য [Dangerous Goods (DG), International Convention for the Safety of Life at Sea (SOLAS), 1974 এর উদ্দেশ্য পূরণকল্পে জারীকৃত International maritime Dangerous Goods (IMDG) Code অনুযায়ী ঘোষিত)] ব্যতীত সকল আমদানি পণ্যের কন্টেইনার হ্যান্ডলিং ও আনস্টাফিং এর ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতি জ্ঞাপন করা হলো।

৩। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৮৯/২০১৭/ কাস্টমস/৪৭৩, তারিখ ২৯-১০-২০১৭ এবং আদেশ নং- ৩(১৮) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০৮/৬৯, তারিখ ০৪-০২-২০১৬ খ্রিস্টাব্দ এতদ্বারা বাতিল করা হল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মুহাম্মদ ইমতিয়াজ হাসান**
দ্বিতীয় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)।

---

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৪

পরিপত্র

তারিখ : ২৮ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/১২ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : **বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি এবং আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতিগণকে তাঁদের বাসভবনের জন্য ০১(এক)টি করে বাবর্চি ও ০১(এক)টি করে নিরাপত্তা প্রহরীসহ ০২(দুই))টি সহায়ক জনবলের সুবিধাদির পরিবর্তে 'কুক ও সিকিউরিটি' এলাউন্স প্রদান প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১২৮.২২.০০৫.১৩-৩৫৯**—নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি এবং আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতিগণকে তাঁদের বাসভবনের জন্য ০১ (এক)টি করে বাবুর্চি পদের সুবিধা প্রদানের পরিবর্তে মাসিক ১৬,০০০ (ষোল হাজার) টাকা করে 'কুক এলাউন্স' হিসেবে এবং ইয়ারমার্কড/স্বতন্ত্র/একক বাসা/বাড়ীর বা ফ্লাটের ক্ষেত্রে একটি করে নিরাপত্তা প্রহরী পদের সুবিধার পরিবর্তে মাসিক ১৬,০০০ (ষোল হাজার) টাকা করে 'সিকিউরিটি এলাউন্স' হিসেবে প্রদান করা হলো :

(ক) কুক ও সিকিউরিটি এলাউন্স প্রদানের ক্ষেত্রে ডোমেস্টিক এইড এলাউন্স প্রাপ্য হবেন না;

(খ) কুক ও সিকিউরিটি এলাউন্স প্রদানের তারিখ হতে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি এবং আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতিগণের বাসভবনের জন্য সৃজিত ১০০টি বাবুর্চি ও ১০০টি নিরাপত্তা প্রহরী এর পদ বিলুপ্ত হবে;

(গ) মাননীয় বিচারপতিগণ যে দপ্তরেই কর্মরত থাকুন, তাঁরা এ সবিধা প্রাপ্য হবেন।

২। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ-৫ অধিশাখার ২৬-০২-২০১৮ খ্রিঃ তারিখের ০৭.১৫৩.০১৫.১০.০৩.০০৫.২০০৯(অংশ-১)-১৪৪ সংখ্যক পত্রের সম্মতির পরিপ্রেক্ষিতে এ পরিপত্র জারি করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ০১ জুলাই ২০১৮ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

## বিচার শাখা-৬

### আদেশ

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ/১০ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন ২৩/২০১৮-২৪৬**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে রাজশাহী জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আরিফুল ইসলাম, পিতা আলহাজ্ব মোঃ মহসিন আলীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত তিন মাস পূর্বে উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপ-সচিব (প্রশাসন-২)।

---

## বিচার শাখা-৭
## আইন ও বিচার বিভাগ

### আদেশাবলি

তারিখ : ০৯ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৯৮/৭৭-৪২৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ ফিরোজ হোসেন, পিতা-আবদুল খালেক, মাতা-ফাতেমা খাতুন, গ্রাম-ছয়ঘরিয়া, ডাকঘর-বৈকারী, উপজেলা-সাতক্ষীরা সদর, জেলা-সাতক্ষীরা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সাতক্ষীরা জেলার সদর উপজেলার ০৩নং বৈকারী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৯৭/৭৭-৪৩০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব কামরুজ্জামান, পিতা-মাহবুবুর রহমান, মাতা-জাহানারা, গ্রাম-কাশিমাড়ী, ডাকঘর-কাশিমাড়ী, উপজেলা-শ্যামনগর, জেলা-সাতক্ষীরা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার ০২নং কাশিমাড়ী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্মেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

## রেলপথ মন্ত্রণালয়
## প্রশাসন-৩ (শৃঙ্খলা) শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ০২ শ্রাবণ ১৪২৫/১৭ জুলাই ২০১৮

নং **৫৪.০০.০০০০.০২৩.২৭.০১১.১৭-২৪৩**—যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী কমান্ডেন্ট, আরএনবি (শিক্ষানবিশ), বাংলাদেশ রেলওয়ে এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় (মামলা নং-০১/২০১৭ বিষয়ে সরকার পক্ষ্যে উপস্থাপিত সাক্ষ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য এবং তাঁর পক্ষের উপস্থাপিত সাক্ষীগণের সাক্ষ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনান্তে উক্ত কর্মকর্তা কর্তৃক বিনা অনুমতিতে ২০-১২-২০১৪ খ্রিঃ তারিখে সারদা পুলিশ একাডেমি ত্যাগ করে প্রশিক্ষণে অনুপস্থিত থাকা এবং পরবর্তীতে ০২-১০-২০১৬ খ্রিঃ তারিখে যোগদান পত্র দাখিল করার পূর্ব পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ২(ডি) নম্বর বিধির মাধ্যমে সংজ্ঞায়িত এবং ৩(সি) নম্বর বিধি অনুযায়ী 'ডিজারশন' এর অপরাধ সন্দেহাতীতভাবে প্রতীয়মান হয়েছে। তবে সাক্ষ্য বিশ্লেষণে উক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ২(এফ) নম্বর বিধির মাধ্যমে সংজ্ঞায়িত এবং ৩(বি) নম্বর বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

২। যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী কমান্ডেট, আরএনবি (শিক্ষানবিশ), বাংলাদেশ রেলওয়ে এর বিরুদ্ধে (বিভাগীয় মামলা নং-০১/২০১৭ দায়েরকৃত বিভাগীয় মামলার বিষয়ে সরকার পক্ষ্যে উপস্থাপিত সাক্ষ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য এবং তাঁর পক্ষের উপস্থাপিত স্যাক্ষীগণের সাক্ষ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনান্তে দেখা যায় উক্ত কর্মকর্তা বিনা অনুমতিতে ২০-১২-২০১৪ খ্রিঃ তারিখে সারদা পুলিশ একাডেমি ত্যাগ করে প্রশিক্ষণে অনুপস্থিত থাকেন এবং পরবর্তীতে ০২-১০-২০১৬ খ্রিঃ তারিখে যোগদান পত্র দাখিল করার পূর্ব পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এ ২(চ) এ বর্ণিত পলায়নের অভিযোগে অভিযুক্ত হয়েছেন মর্মে তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে প্রতীয়মান হয়।

৩। সেহেতু, বিবেচ্য বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য এবং সার্বিক অবস্থা বিবেচনা পূর্বক জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী কমান্ডেন্ট, (শিক্ষানবিশ) আরএনবি কে সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালা ২০১৮ এর ৪(৫)(ঘ) অনুযায়ী কর্মস্থল হতে পলায়নের অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত বিধিমালার ৪(২)(ঘ) অনুযায়ী তাকে "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদন্ড প্রদান করা হলো। নিম্নবর্ণিত শর্ত প্রতিপালনের শর্তে তাকে চাকুরীতে যোগদানের অনুমতি প্রদান করা হলো ঃ

(ক) বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহীতে তার নিজ খরচে প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে;

(খ) চাকুরীর নিয়োগপত্রে উল্লিখিত শিক্ষানবিশকালে যাবতীয় শর্তাবলি যথাযথভাবে সম্পন্ন শেষে তাকে চাকুরীতে স্থায়ী করা হবে;

(গ) চাকুরীতে তার অনুপস্থিত কাল বিনা বেতনের অসাধারণ ছুটি (চাকুরীর জ্যেষ্ঠতার ধারাবাহিকতা রক্ষার জন্য হিসাবে গণ্য করা হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোফাজ্জেল হোসেন**
সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**বৈদেশিক প্রশিক্ষণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ জুলাই ২০১৮

নং ৩৬.০০.০০০০.০৫২.২৯.০০১-৩২৪—বিগত ২৩-০২-২০১৫ ইং তারিখে জারীকৃত ৩৬.০০.০০০০.০৫২.০৬.০০৯.০৫/৮৩ নম্বর প্রজ্ঞাপন সংশোধনপূর্বক নিম্নেবর্ণিত সদস্যদের সমন্বয়ে জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি পুনর্গঠন করা হল।

**সভাপতি**

১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

৩। চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন

৪। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন

৫। চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন

৬। চেয়ারম্যান, বাংলাদেশ বস্ত্রকল কর্পোরেশন

৭। চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন

৮। অতিরিক্ত সচিব (প্রঃ)/যুগ্মসচিব (প্রশাসন-২) শিল্প মন্ত্রণালয়

৯। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, রয়েল টাওয়ার, পান্থপথ , ঢাকা

১০। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ

১১। সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন

১২। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ

১৩। সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ

১৪। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ

১৫। সভাপতি, বাংলাদেশ জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

১৬। সভাপতি, বাংলাদেশ গর্মেন্টস ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন

১৭। সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই), ঢাকা।

১৮। প্রেসিডেন্ট, এপিও সোসাইটি ফর বাংলাদেশ

১৯। সভাপতি, জাতীয় শ্রমিক লীগ

২০। সভাপতি, জাতীয় শ্রমিক পার্টি

২১। সভাপতি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র

**সদস্য-সচিব**

২২। পরিচালক, এনপিও

**কমিটির টার্মস অব রেফারেন্স**

(ক) জাতীয় উৎপাদনশীলতা পরিষদ কর্তৃক গৃহীত উৎপাদনশীলতা সংক্রান্ত যাবতীয় পরামর্শ ও সুপারিশ বাস্তবায়ন ও পর্যালোচনা;

(খ) ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর কার্যাবলী তত্ত্বাবধান, দিকনির্দেশনা ও সমন্বয় সাধন;

(গ) জাতীয় অর্থনীতিতে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য যে কোন বিষয় গুরুত্ব সহকারে বিবেচনা;

(ঘ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে;

(ঙ) জাতীয় উৎপাদশীলতা কার্যনির্বাহী কমিটির সভা বছরে তিনবার (জানুয়ারি, মে ও সেপ্টেম্বর) আহ্বান এবং

(চ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
যুগ্ম-সচিব(প্রঃ-২)।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ : ২৭ আষাঢ় ১৪২৫/১১ জুলাই ২০১৮

নং **৪৩.০০.০০০০.১১৪.১৬.১৯৯.১৮-২৮৫**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল ঃ

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (এসএ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | জয়শঙ্কর রায় চৌধুরীর জমিদার বাড়ী আলোকঝাড়ী, জয়গঞ্জ, খানসামা, দিনাজপুর | আলোকঝাড়ী | ০২ | ৬৪৬৭ | ২.১৫ একর | উত্তর-আদর্শ গ্রাম দক্ষিণ-আদর্শ গ্রাম পূর্ব-রাস্তা পশ্চিম-আদর্শ গ্রাম | তফসিল বর্ণিত জমিতে জমিদারের বাড়ী ও কাচারি বাড়ীর ব্যবহৃত ইমারতের অংশ বিশেষ আছে। ১৯৫০ সনের প্রজাসত্ব আইনের ২০ ধারার বিধান অনুসারে উক্ত বাড়ী ও জমি দায়হীন ভাবে সরকারের উপর বর্তায়। উক্ত জমি বর্তমানে চলমান বি এস জরিপে সরকারের ১নং খাস খতিয়ানে মাঠ জরিপ হয়েছে। | না (বর্তমানে চলমান বিএস জরিপে সরকারের ১নং খাস খতিয়ানে মাঠ জরিপ হয়েছে। তাই কালেক্টর মহোদয়ের অনুমতি সাপেক্ষে হস্তান্তর করা যেতে পারে)। | উক্ত দাগে মোট জমি ২.১৫ একর তন্মধ্যে ০.২২ একর জমি পুরাতন কাচারী/ জমিদার বাড়ী হিসেবে অব্যবহৃত অবস্থায় দখলে আছে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অসীম কুমার দে**
উপসচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## জননিরাপত্তা বিভাগ
## আইন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ ১৪২৫/১০ জুন ২০১৮

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৪১৮**—রমনা মডেল থানার মামলা নং-২৭(০৩)১৭ এ জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সরকার উৎখাতসহ সরকার বিরোধী প্রচারের জন্য গোপন বৈঠকে মিলিত হওয়ার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।

## সুরক্ষা সেবা বিভাগ
## কারা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৭ আষাঢ় ১৪২৫/০১ জুলাই ২০১৮

নং **৫৮.০০.০০০০.০৮৫.২৩.০১৬.১৮-৪৪৫**—পবিত্র ঈদ-উল-ফিতর, ২০১৮ উপলক্ষে লঘু অপরাধে দন্ডিত, অর্ধেকের বেশী সাজাভোগকৃত এবং অচল ও অক্ষম কয়েদিদের মুক্তি প্রদানের লক্ষে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ০৪(চার) জন কয়েদীর অবশিষ্ট কারাদন্ড মওকুফ করেছে :

| ক্রঃ নং | কয়েদি নম্বর, নাম পিতার নাম, বয়স ও মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|
| ১. | কয়েদী নং-৩৩৮/এ, মোঃ আবুল কাশেম, পিতা-কাঞ্চিয়া শেখ, বয়স-৬২ বছর। মামলা নম্বর: জিআর-৪০/০৫ (বন্দির ভাষ্যমতে) | গাইবান্দা জেলা কারাগার |
| ২. | কয়েদী নং-৯২৮৫/এ, মোঃ জুয়েল রানা, পিতা-শাহ আলম, বয়স-৩০ বছর। মামলা নম্বর: জিআর-১৩৬/১৩ (দেবীদ্বার থানা) | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার |
| ৩. | কয়েদী নং-৫৭৩২/এ, জিয়াউল হক, পিতা-সরাফত আলী, বয়স-৫০ বছর। মামলা নম্বর: সিজেএম-২৭/০৭ শেরপুর জিআর ৯৪৯/০৪ শেরপুর থানার মামলা নং-২৯, তারিখ ২৬-১১-০৪ খ্রিঃ | শেরপুর জেলা কারাগার |
| ৪. | কয়েদী নং-৩১৩১/এ, মোঃ আজিজুর রহমান, পিতা-মৃত লাল মিয়া, বয়স-৯০ বছর। মামলা নম্বর: এসসি-৪৮/০৭ জিআর-১২৬/০৬(লোহাগড়া) | নড়াইল জেলা কারাগার |

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। জরিমানার অর্থ আদায়পূর্বক মুক্তির বিষয়টি কার্যকর করতে হবে।

৪। অন্য কোন কারণে উপরোক্ত কয়েদীদের আটক রাখা আবশ্যকতা না থাকেল তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলী**
সহকারী সচিব।

---

## জননিরাপত্তা বিভাগ
## আইন-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৭ আষাঢ় ১৪২৫/০১ জুলাই ২০১৮

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৪৫১**—নীলফামারী থানার মামলা নং-১৪, তারিখ ১৯-০৮-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই, ডায়েরী, মোবাইল সেট, সিমকার্ড, মেমোরি কার্ড, পেনড্রাইভ ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা রাষ্ট্রের কোন সম্পত্তি ক্ষতি করার জন্য গোপন বৈঠকে মিলিত হওয়ার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৪৫২**—ঢাকা জেলার আশুলিয়া থানার মামলা নং-৮১(০১)১৮ এ পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীদ্বয়সহ অজ্ঞাতনামা ৩/৪ জন লোক ফ্যাক্টরিতে আগুন লাগিয়ে নিরাপত্তা বিঘ্ন সৃষ্টি করে ক্ষতিসাধন করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৪৫৩**—রাজশাহী জেলার বাঘা থানার মামলা নং-০৫, তারিখ ১১-১১-২০১৭ এ ঘটনাস্থল হতে জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বাংলাদেশের অখণ্ডতা, সংহতি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য এবং সরকার ও রাষ্ট্রের সম্পত্তির ক্ষতি সাধনে সহায়তা ও প্ররোচনার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction)জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৪৫৪**—সিলেট জেলার জালালাবাদ থানার মামলা নং-০৩, তারিখ ০৩-০৩-২০১৮ এ ঘটনাস্থল হতে জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি কর্মকান্ডে সম্পৃক্ত এবং প্রকাশ্যে ত্রাস সৃষ্টি করে ধারালো চাকু দিয়ে হত্যার উদ্দেশ্যে গুরুতর রক্তাক্ত জখম করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৪৫৫**—ঢাকা জেলার রমনা মডেল থানার মামলা নং-৩৪(০৬)১৭ এ পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবির সদস্য ও সমর্থক হয়ে সন্ত্রাসী কর্মকান্ডকে উৎসাহিত করার উদ্দেশ্যে পরস্পর যোগ সাজসে অপরাধ সংঘটনের ষড়যন্ত্রের উদ্দেশ্যে একত্রিত হওয়ার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৪৫৬**—ঢাকা জেলার হাজারীবাগ থানার মামলা নং-০৮(০১)১৮ এ ঘটনাস্থল হতে জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ জঙ্গি সংগঠনের পক্ষে নতুন সদস্য সংগ্রহের লক্ষ্যে ম্যাগাজিন, বই, লিফলেট বিতরণ করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৪৫৭**—ঢাকা জেলার তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং-১৮(১২)১৮ এ ঘটনাস্থল হতে জব্দকৃত গুলিসহ অস্ত্র, ব্যাগ ও অন্যান্য মালামাল পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি সংগঠনের জন্য সদস্য সংগ্রহ করে জঙ্গিবাদকে সমর্থনের ষড়যন্ত্র ও প্রচেষ্টাসহ পরস্পর যোগসাজসে সহযোগিতা করার অপরাধ জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮.৪৫৮**—চাঁপাইনবাবগঞ্জ জেলার চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল থানার মামলা নং-৫৩, তারিখ ২৯-১০-২০১৭ এ ঘটনাস্থল হতে পিস্তল, গুলি, গান পাউডার, বিভিন্ন প্রকার জিহাদী বই, টর্চ লাইট ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসের মাধ্যমে দেশের অখণ্ডতা, সার্বভৌমত্ব, জননিরাপত্তা বিপন্ন ও জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির উদ্দেশ্যে আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরক দ্রব্য মজুদ রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২৭ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং **৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২০.১৮-৬১১**—যেহেতু, জনাব মোঃ সাইদুল্লাহ মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, বালাগঞ্জ, সিলেট এর বিরুদ্ধে বদলিকৃত কর্মস্থলে যথাসময়ে যোগদান না করে ১৩-০২-২০১৭ খ্রিঃ তারিখ হতে ২৯-০৩-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্তসহ বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জবাব মোঃ সাইদুল্লাহ মিয়া, এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন; এবং

যেহেতু, জনাব মোঃ সাইদুল্লাহ মিয়ার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযোগসমূহ তদন্তের জন্য মীর ইলিয়াস মোরশেদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও অন্যান্য রেকর্ড-পত্র অনুযায়ী জনাব মোঃ সাইদুল্লাহ মিয়ার বিরুদ্ধে অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ১৩-০২-২০১৭ খ্রিঃ হতে ২৯-০৩-২০১৭ খ্রিঃ পর্যন্ত বিনা বেতনে ছুটি মঞ্জুরপূর্বক সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি অনুযায়ী "লঘুদণ্ড" হিসেবে তাঁকে ২ বছরের জন্য টাইমস্কেলের দুই ধাপ নিম্নস্তরে নামিয়ে দেয়া শাস্তি আরোপ করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ সাইদুল্লাহ মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, বালাগঞ্জ, সিলেট সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী আরোপিত দণ্ড (২ বছরের জন্য টাইমস্কেলের দুই ধাপ নিম্নস্তরে নামিয়ে দেয়া) আরোপের বিরুদ্ধে আপীল দায়ের করেছেন; এবং

যেহেতু, তাঁর দাখিলকৃত আপীল আবেদন ও ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ সনের ২১ নং আইনের ধারা ২৩(খ) ধারার আলোকে পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণে হস্তান্তর চুক্তি পত্রের ২(৩) অনুচ্ছেদ মোতাবেক পার্বত্য জেলা পরিষদে কর্মরত প্রথম ও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাকে অন্যত্র বদলি করার পূর্বে স্থানীয় সরকার পরিষদকে জানাতে হবে এবং বদলিকৃত কর্মকর্তার স্থলে নতুন কর্মকর্তা যোগদান না করা পর্যন্ত বদলীকৃত কর্মকর্তাকে অবমুক্ত করা যাবে না; এবং

যেহেতু, জনাব মোঃ সাইদুল্লাহ মিয়া বান্দরবান পার্বত্য জেলা পরিষদে কোন প্রকৌশলী কর্মরত না থাকায় বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তায়নের স্বার্থে চেয়ারম্যান তাঁর বদলির আদেশ স্থগিত রাখার জন্য অনুরোধ করেন এবং এ প্রেক্ষিতে জনাব মোঃ সাইদুল্লাহ মিয়ার বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে ৪৫ দিন বিলম্ব হয়; এবং

যেহেতু, মোঃ সাইদুল্লাহ মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, বালাগঞ্জ, এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আত্মপক্ষ সমর্থনের যথাযথ সুযোগ প্রদান করা হয়নি এবং তাঁকে দণ্ড প্রদানের সকল পদক্ষেপ বিধিগতভাবে নিষ্পন্ন করা হয়নি।

সেহেতু, বিভাগীয় মামলায় গৃহীত পদক্ষেপ এবং আদেশ যৌক্তিক না হওয়ায় জনাব মোঃ সাইদুল্লাহ মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, বালাগঞ্জ, সিলেট এর দাখিলকৃত আপীল আবেদনটি মঞ্জুর করা হলো। তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী আরোপিত দণ্ড (২ বছরের জন্য টাইমস্কেলের দুই ধাপ নিম্নস্তরে নামিয়ে দেয়া) আদেশ প্রত্যাহার করা হলো। একইসাথে ১৩-০২-২০১৭ খ্রিঃ হতে ২৯-০৩-২০১৭ খ্রিঃ পর্যন্ত তাঁর চাকুরীকাল নিয়মিত কর্মকাল হিসেবে গণ্য করা হলো। বিধি মোতাবেক তিনি সকল সুবিধাদি প্রাপ্য হবেন।

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১১ জুলাই ২০১৮

নং **৪৬.০০.০০০০.০৬৩.৪৫.০০৩.১৮.৮৪৯**—সিলেট জেলার গোলাপগঞ্জ পৌরসভার মেয়র জনাব সিরাজুল জব্বার চৌধুরী গত ৩১-০৫-২০১৮ ইং তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উল্লিখিত পৌরসভার মেয়র এর পদ শূন্য ঘোষণা করিল।

নং **৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০২.১৬-৮৫১**—নীলফামারী জেলার সৈয়দপুর পৌরসভার ০১ ০২ ও ০৩নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর মোছাঃ রাজিয়া সুলতানা গত ২৮-০৫-২০১৮ ইং তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উল্লিখিত ওয়ার্ডের কাউন্সিলরের এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৫/০৮ আগস্ট ২০১৮

নং **৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৮.২০১৪-১৯৬/১(৩)**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মধ্য হালিশহর | ০১ | বন্দর | চট্টগ্রাম | মহামান্য হাইকোর্টে ১৪৮৭১/১৬ নং রীট পিটিশন সংশ্লিষ্ট ৮, ৮৯৩৮ ও ৯৩৭০ নং খতিয়ান ব্যতীত। |
| ২ | দক্ষিণ কাট্টলী | ০২ | পাহাড়তলী | চট্টগ্রাম | |
| ৩ | রায়গঞ্জ | ১২০ | রায়গঞ্জ | সিরাজগঞ্জ | |
| ৪ | বিষ্ণুপুর | ১৬০ | রায়গঞ্জ | সিরাজগঞ্জ | |
| ৫ | পূর্ব ফরিদপুর | ১৬১ | রায়গঞ্জ | সিরাজগঞ্জ | |
| ৬ | রামপুর | ১৬৮ | রায়গঞ্জ | সিরাজগঞ্জ | |
| ৭ | ধল্লা | ৮০ | সিঙ্গাইর | মানিকগঞ্জ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মতিন**
যুগ্মসচিব।